
Lens Asia

২২ ফেব্রুয়ারি, ২০২৬

# রমজানে ওমরাহ পালনে কঠোর নতুন নির্দেশনা



সংগৃহীত ছবি

চলতি রমজানে ওমরাহ পালনকারীদের নিরাপদ ও সুশৃঙ্খল ইবাদত নিশ্চিত করতে সৌদি আরব নতুন নির্দেশনা জারি করেছে। পবিত্র মাসে মসজিদুল হারাম–এ মুসল্লির সংখ্যা বেড়ে যাওয়ায় ভিড় নিয়ন্ত্রণ, যাতায়াত ও স্বাস্থ্য–নিরাপত্তায় বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে।

কর্তৃপক্ষ জানায়, নামাজের আগে ও পরে কেন্দ্রীয় এলাকায় অতিরিক্ত চাপ তৈরি হয়। তাই নির্ধারিত পথ ব্যবহার, নির্দেশক চিহ্ন অনুসরণ এবং নিরাপত্তাকর্মীদের পরামর্শ মেনে চলতে বলা হয়েছে। প্রবেশপথে ডিজিটাল সংকেত বসানো হয়েছে—সবুজ থাকলে প্রবেশ করা যাবে, লাল দেখালে অপেক্ষা করতে হবে।

যানজট কমাতে ব্যক্তিগত গাড়ির ব্যবহার সীমিত করা হয়েছে। গণপরিবহন, ট্যাক্সি ও হারামাইন হাই স্পিড রেলওয়ে ব্যবহারে উৎসাহ দেওয়া হচ্ছে। কেন্দ্রীয় এলাকায় মোটরসাইকেল, সাইকেল ও অনুমোদনহীন যানবাহন নিষিদ্ধ করা হয়েছে।

বয়স্ক ও বিশেষ চাহিদাসম্পন্ন মুসল্লিদের জন্য আলাদা নামাজের স্থান ও বৈদ্যুতিক কার্টের ব্যবস্থা রাখা হয়েছে। শিশুদের অতিরিক্ত ভিড়পূর্ণ স্থানে না আনার পরামর্শ দেওয়া হয়েছে।

এ ছাড়া পানিশূন্যতা এড়াতে নিয়মিত পানি পান, বিশ্রাম গ্রহণ, অগ্নিনিরাপত্তা বিধি মানা এবং ডিজিটাল অনুমতিপত্র সংগ্রহ বাধ্যতামূলক করা হয়েছে। অস্ত্র বহন, ভিক্ষাবৃত্তি, অনুমতিহীন বিক্রি ও চলাচলে বাধা সৃষ্টি কঠোরভাবে নিষিদ্ধ থাকবে বলে জানানো হয়েছে।

সূত্র: সংবাদমাধ্যম খালিজ টাইমস।